UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

(ঙ) "বিশ হাজার ধান নিয়ে পাঁচ হাজার ফিরৎ দিবার চাইস"? — কার প্রতি কার উক্তি ? প্রসঙ্গটি আলোচনা করো। ২+২=৪

P - III (1+1+1) H/16

2016

BENGALI (Honours)

Fifth Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) অ্যাবসার্ড বলতে কি বোঝায় ? এই ধারার একজন নাট্যকারের নাম লেখো। একটি বাংলা অ্যাবসার্ড নাটকের আলোচনা করে তার বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।

(খ) পৌরাণিক নাটক কাকে বলে? পৌরাণিক নাটকে কিভাবে পুরাণের অলৌকিকতা ও বাস্তবের বিশ্বাসযোগ্যতার মধ্যে ভারসাম্য রক্ষা সম্ভব ? একটি পৌরাণিক নাটকের আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।

(গ) কমেডি কাকে বলে? কমেডির সাধারণ বৈশিষ্ট্যগুলি নির্দেশ করে একটি সার্থক বাংলা কমেডির আলোচনা করো।

(ঘ) গীতিনাট্য ও নৃত্যনাট্যের একটি তুলনামূলক আলোচনা করো।

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -1 of 8

২। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'গ্রেট ন্যাশনাল থিয়েটার'— প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে লেখো। বাংলা থিয়েটার-এর ইতিহাসে উক্ত থিয়েটার-এর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) উনিশ শতকের প্রথমার্ধে কলকাতায় যেসব বিদেশী রঙ্গালয়ে নাট্যচর্চা হত তাদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) বেলগাছিয়া থিয়েটার কাদের পৃষ্ঠপোষকতায় গড়ে ওঠে? এই থিয়েটারে অভিনীত নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে মাইকেল মধুসূদন দত্তের সঙ্গে উক্ত থিয়েটারের যোগসূত্র বুঝিয়ে দাও।

(ঘ) অভিনেতা, নাট্যপ্রশিক্ষক, প্রযোজক ও পরিচালক রূপে গিরিশচন্দ্র ঘোষের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৩। বঙ্কিমচন্দ্র বলেছিলেন 'অভিজ্ঞতা' ও 'সহানুভূতি' দীনবন্ধুর দুটি প্রধান গুণ। বঙ্কিমচন্দ্রের বিশ্লেষণ মনে রেখে দেখাও নাট্যকারের 'অভিজ্ঞতা' ও 'সহানুভূতি'-র প্রভাব বা অভাব কীভাবে নীলদর্পণ নাটকটির সাফল্য বা ব্যর্থতার কারণ হয়ে উঠেছে। ১৬

অথবা,

'নীলদর্পণ' নাটকের চরিত্রসমূহকে সমালোচকেরা কয়টি শ্রেণীতে ভাগ করেছেন? এদের মধ্যে কোন্ শ্রেণীর চরিত্র নাট্যচরিত্র হিসাবে সফল? এই শ্রেণীর চরিত্র সৃজনে নাট্যকারের সাফল্যের মূল্যায়ন করো।

৪। অভ্রভেদী পাহাড়ের চূড়া, মন্দিরের ধ্বজা, উত্তরকূট ও শিবতরাই-এর পথ, ঝর্ণার ওপর বাঁধ — এই প্রতীকগুলি 'মুক্তধারা' নাটকে কোন্ তাৎপর্যে ব্যবহৃত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও। ১৬

অথবা,

'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগীর চরিত্রটি কোনো রক্ত মাংসের মানবচরিত্র নয়, নাট্যকারের 'Idea'-র 'বিমূর্ত প্রতিনিধিমাত্র'— আলোচনা করো। ১৬

৫। 'ছেঁড়াতার' নাটকটিকে সার্থক ট্র্যাজেডি বলা যায় কিনা আলোচনা করে বুঝিয়ে দাও। ১৬

অথবা,

উত্তরবঙ্গের আঞ্চলিক কথ্যভাষার প্রয়োগ 'ছেঁড়াতার' নাটকের সংলাপকে কতটা সমৃদ্ধ করেছে আলোচনা করো। ১৬

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) উৎসর্গপত্রে নীলদর্পণ নাটক ও নাট্যকারের কি নাম লেখা ছিল? নাটকটির প্রকাশকাল ও প্রথম অভিনয়ের সাল লেখো। ১+১+১+১=৪

(খ) 'ঢেউটাকে বাড়ি মারলে ঢেউ থামে না, হালটাকে স্থির করে রাখলে ঢেউ জয় করা যায়।'— উক্তিটি কার? তার চারিত্রিক বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ১+৩=৪

(গ) "আজ্ঞে জননীর পরিতাপ বিবেচনা করে কি কালসর্প ক্রোড়স্থ শিশুকে দংশন করিতে সংকুচিত হয়?"— কে কাকে একথা বলেছে ব্যাখ্যা করো। ১+৩=৪

(ঘ) "অভ্যাস না কইল্যে চইলবার পারবু ক্যানে ?" — কোন্ প্রসঙ্গে কে কোথায় এই উক্তি করেছে ? এতে উভয়ের সম্পর্কের কোন দিক ফুটে উঠেছে ? ৩+১=৪

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -2 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

P - III (1+1+1) H/16

2016

BENGALI (Honours)

Sixth Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। শকুন্তলা ও দ্রৌপদী পত্রিকার তুলনামূলক আলোচনার মাধ্যমে চরিত্রদুটিকে বীরাঙ্গনা বলার যৌক্তিকতা বুঝিয়ে দাও। ১৬

অথবা,

'বীরাঙ্গনা কাব্যে কবি মানবমনের নানাবিধ অনুভূতি প্রকাশের পক্ষে অমিত্রাক্ষর ছন্দের শক্তি পরীক্ষা করেছেন।'—মন্তব্যটি আলোচনা করো।

২। 'সোনারতরী' কাব্যে দার্শনিক রবীন্দ্রনাথের সঙ্গে এক শিল্পী রবীন্দ্রনাথের পরিচয় পাওয়া যায়। 'সোনারতরী' কাব্যটি অবলম্বনে আলোচনা করো। ১৬

অথবা,

"দেবতারে প্রিয় করি- প্রিয়েরে দেবতা।" —এই বিষয়টি রবীন্দ্রনাথের অনুসরণে 'বৈষ্ণব কবিতা' অবলম্বনে আলোচনা করো।

৩। 'নবজাতক' কাব্যের সূচনা অংশে রবীন্দ্রনাথ বলেছেন— "আমার কাব্যে ঋতু পরিবর্তন ঘটেছে বারে বারে"— নবজাতক এর কয়েকটি কবিতা অবলম্বনে এই ঋতু পরিবর্তনের পরিচয় দাও। ১৬

P.T.O.

5 /6-4400

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -3 of 8

অথবা,

'বুদ্ধভক্তি' কবিতাটির মধ্যে রবীন্দ্রমানসের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো।

৪।(ক) "যতীন্দ্রনাথ মূলতঃ রবীন্দ্র চেতনাবলয়ের বাইরের কবি"— 'কচিডাব' কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা,

কুমুদরঞ্জন ও কালিদাস রায় দুজনের মানসধর্ম ও কবি বৈশিষ্ট্যের তুলনা করো।

(খ) 'ত্রিরত্ন' কবিতা অবলম্বনে কবির বৈষ্ণবীয় ভাবচেতনার পরিচয় দাও। ১০

অথবা,

'পান্থ' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করে মোহিতলালের রবীন্দ্র বিরোধিতার স্বরূপ আলোচনা করো।

৫।(ক) আধুনিক কবিতা বলতে কি বোঝো? আধুনিক কবিতার যে লক্ষণগুলির পরিচয় পাওয়া যায় তা তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা,

দেহনির্ভর প্রেমচেতনার কবিতা হিসেবে 'বন্দীর বন্দনা' কবিতাটির সার্থকতা আলোচনা করো। ১০

(খ) "'উটপাখি'র রূপকের সাহায্যে সুধীন্দ্রনাথ তিরিশের দশকের পলায়নবাদী মধ্যবিত্ত শ্রেণীর ছবি আঁকতে চেয়েছেন"— আলোচনা করো। ১০

অথবা,

'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটির মধ্যে কবি সুভাষ মুখোপাধ্যায় রোমান্টিকতার যে নবনির্মাণ ঘটিয়েছেন তার স্বরূপ ব্যাখ্যা করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'গুরুপত্নী চাহে ভিক্ষা, - দেহ ভিক্ষা তারে'— উদ্ধৃতিটিতে কোন্ গুরুপত্নীর কথা বলা হয়েছে? তিনি কার কাছে কি ভিক্ষা চেয়েছেন?

(খ) 'আমার সোনার ধান কুলেতে এসে' — 'আমার সোনার ধান' আসলে কি? বিষয়টি ব্যাখ্যা করো।

(গ) 'রবি ঠাকুরের পালা শেষ হবে সদ্য'— কোন কবিতার অংশ? বিষয়টি পরিস্ফুট করো।

(ঘ) "নীল শৈলের গায়ে
দেখা দিল রঙপুর"

অংশটিতে নীল শৈলের গায়ে প্রকৃতপক্ষে কোন অঞ্চল দেখা দেয়? কবি কত বছর বয়সে কোথায় রচনা করেন? অংশটির তাৎপর্য লেখো।

(ঙ) 'পরম অধর্মাচারী রঘুকুলপতি' — কে, কার উদ্দেশ্যে এই উক্তি করেছেন ? বক্তা কী কারণে রঘুকুলপতিকে অধর্মাচারী বলেছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো।

———

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -4 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

P - III (1+1+1) H/16

2016

BENGALI (Honours)

Seventh Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'ধাত্রীদেবতা' উপন্যাসের গঠনশৈলির সম্পর্কে তোমার মতামতসহ আলোচনা করো। ১৬

অথবা,

'ধাত্রীদেবতা' উপন্যাসে স্বদেশী আন্দোলন বা রাজনৈতিক ভাবনা কতখানি প্রভাব ফেলেছে — আলোচনা করো।

২। 'পদ্মানদীর মাঝি' কোন্ শ্রেণির উপন্যাস— কাহিনি ধরে আলোচনা করো। ১৬

অথবা,

'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবের ও কপিলা শেষ মিলনে সার্থক হয়ে উঠেছে — আলোচনা করো।

৩। চেতনাপ্রবাহের প্রায় সমস্ত বৈশিষ্ট্য জাগরীতে পরিবেশিত হয়েছে। চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে মন্তব্যটির সারবত্তা বিচার করো। ১৬

অথবা,

P.T.O.

5 /7-4400

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -5 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

'জাগরী' উপন্যাসের মা-চরিত্রের মানসদ্বন্দ্বসহ মা-এর ভূমিকা আলোচনা করো।

৪।(ক) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের সত্যবতী চরিত্রের পরিচয় দাও। ১০

অথবা,

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের গঠনশৈলির পরিচয় দাও।

(খ) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে পরিবার জীবনের যে চিত্র ফুটে উঠেছে — তার পরিচয় দাও। ১০

অথবা,

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে নিতাই ও নবকুমার চরিত্র দুটি বিশ্লেষণ করো।

৫।(ক) 'নিষাদ' গল্পে কিভাবে নিম্নবিত্ত মানুষের পুঞ্জীভূত বেদনার ক্ষোভ প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ১০

অথবা,

'পুঁইমাচা' গল্পে নিম্ন-মধ্যবিত্ত জীবনের যে বাস্তবরূপ প্রকটিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) 'চড়াই উৎরাই' গল্পে একইসঙ্গে বাঙালি জীবনের দুই সামাজিক রূপ প্রকটিত হয়েছে— উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

অথবা,

'লম্বকর্ণ' গল্পে হাস্যরসের গভীর ব্যঞ্জনা ফুটে উঠেছে— আলোচনা করে দেখাও।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "আমি বলছি সব পাব না। দ্বন্দ্বের অবসান হবে না।" — আমি কে? বক্তার মানসিক অবস্থান ব্যক্ত করো। ১+৩=৪

(খ) 'ধাত্রীদেবতা' উপন্যাসে ব্যবসায়ী সমাজের যে রূপ ফুটেছে তার পরিচয় দাও। ৪

(গ) "টিপসই দিয়া রাখ, যখন পারবা দিবা, - না দিলি মামলা করুম না বাই।"— কে কাকে বলেছে ? বক্তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২=৪

(ঘ) "জাগরী" উপন্যাসে বিলু চরিত্রের পরিচয় দাও। ৪

(ঙ) 'জাগরী' উপন্যাসে আগস্ট আন্দোলনের প্রসঙ্গ উল্লেখ করো। ৪

———

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -6 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

P - III (1+1+1) H/16

2016

BENGALI (Honours)

Eighth Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণপার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১।(ক) 'মহাভারতকে যেমন একই কালে কর্ম ও বৈরাগ্যের কাব্য বলা হয়, তেমনি কালিদাসকেও একই কালে সৌন্দর্যভোগের এবং ভোগবিরতির কবি বলা যাইতে পারে। মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ১০

অথবা,

বাণভট্টের নাট্যরচনায় তৎকালীন সমাজের নিখুঁত চাল-চিত্রের যে চিত্র লিপিবদ্ধ হয়েছে — তাঁর নাটকগুলি অবলম্বনে আলোচনা করো।

(খ) জয়দেবের জীবন সম্পর্কে প্রাপ্ত তথ্যাদি বিবৃত করে 'গীতগোবিন্দম্'-এর অভিনবত্ব নির্ধারণ করো। ১০

অথবা,

বঙ্কিমচন্দ্র বলেছিলেন 'মধুরে কালিদাস অদ্বিতীয় - উৎকটে ভবভূতি।'— এই উক্তির আলোকে কালিদাস ও ভবভূতির নাট্যরস সৃজন শক্তির তুলনা করো। ১+৩+৬=১০

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -7 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2016

২।(ক) উপেক্ষিত ও নিপীড়িত মানবজীবনের চিত্রে প্রেমচন্দের গল্প ভরপুর'—তাঁর গল্পগুলি বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা,

'ভারত চেতনা ও স্বদেশ প্রেরণা, মৈথেলী শরণ গুপ্তের কাব্যের একটি প্রধান বৈশিষ্ট্য'— কবির কাব্যধারার আলোচনা করে মন্তব্যটির স্বপক্ষে যুক্তি দেখাও। ১০

(খ) 'বাংলা সাহিত্য ও হিন্দি সাহিত্য যেন একই বৃন্তের দু'টি কুসুম'— যুক্তি দিয়ে বিচার করো। ১০

অথবা,

কবি ভারতেন্দু হরিশ্চন্দ্রের জীবন ও সাহিত্যকর্ম সম্পর্কে আলোচনা করো। ১০

৩। বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের সংযোগে কীভাবে কাব্যে রসনিষ্পত্তি হয়, সে সম্পর্কে আলোচনা করে বুঝিয়ে দাও। ১৬

অথবা,

'ধ্বনিরাত্মা কাব্যস্য—মন্তব্যটির যৌক্তিকতা দৃষ্টান্তসহ আলোচনা করো।

৪। 'ভাবকে নিজের করিয়া সকলের করা, ইহাই সাহিত্য, ইহাই ললিতকলা' — রবীন্দ্রনাথের মতানুসারে সাহিত্যের সৃজন পদ্ধতি ব্যাখ্যা করো। ১৬

অথবা,

'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথের বক্তব্য নিরূপণ করো এবং তার গ্রহণযোগ্যতা বিচার করো। ১৬

৫।(ক) রবীন্দ্রনাথের কাব্য : 'স্পষ্ট ও অস্পষ্ট' প্রবন্ধটিতে কথিত নবজীবনের সম্পাদক কে? তিনি কী ধরনের 'হাস্যরসাবতারণার' চেষ্টা করেছিলেন? ৪

অথবা,

"সত্যই আনন্দ সত্যই অমৃত'— ব্যাখ্যা করো। ৪

(খ) 'রসের স্বরূপ হচ্ছে আনন্দময়' — সংক্ষেপে আলোচনা করো। ৪

অথবা,

'রীতিরাত্মা কাব্যস্য' মতটির প্রবক্তা কে? এখানে 'রীতি' বলতে কি বোঝানো হয় ? ১+৩=৪

৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) রবীন্দ্র উপন্যাসে নারী ও দাম্পত্য।

(খ) চৈতন্যদেব ও বাংলা সাহিত্য।

(গ) উনিশ শতকের বাংলা নাটকে স্বাদেশিকতা।

(ঘ) স্বাধীনতা উত্তর বাংলা ছোটগল্প।

(ঙ) বাংলা সাহিত্যে আত্মজীবনী রচনার ধারা।

(চ) উত্তরবঙ্গের লোকসংস্কৃতি ও লোকসাহিত্য।

(ছ) বর্তমান বাংলা উপন্যাসের গতিপ্রকৃতি।

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -8 of 8